

## **া** মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৬১

মুসনাদে আবু বকর সিদ্দিক (রাঃ) [আবু বকরের বর্ণিত হাদীস] (مسند أبي بكر)

## আরবী

حَدَّتَنَا عَفَّانُ، حَدَّتَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ، حَدَّتَنَا يُونُسُ بْنُ عُبَيْد، عَنْ حُمَيْد بْنِ هِلال، عَنْ عَبْدِ اللهِ بْنِ مُطَرِّفِ بْنِ الشَّخِيْرِ، أَنَّهُ حَدَّتَهُمْ عَنْ أَبِي بَرْزَةَ الْأَسْلَمِيّ، أَنَّهُ قَالَ: كُنَّا عِنْدَ أَبِي بَكْرٍ السَّدِيقِ فِي عَمَلِهِ، فَغَضِبَ عَلَى رَجُل مِنَ الْمُسْلِمِينَ، فَاشْتَدَّ غَضَبُهُ عَلَيْهِ جِدًّا، فَلَمَّا رَأَيْتُ ذَلِكَ قُلْتُ: يَا خَلِيفَةَ رَسُولِ اللهِ أَضْرِبُ عُنُقَهُ، فَلَمَّا ذَكَرْتُ الْقَتْلَ صَرَفَ عَنْ ذَلِكَ رَأَيْتُ ذَلِكَ قُلْتُ: يَا خَلِيفَةَ رَسُولِ اللهِ أَصْرِبُ عُنُقَهُ، فَلَمَّا ذَكَرْتُ الْقَتْلَ صَرَفَ عَنْ ذَلِكَ الْحَدِيثِ أَجْمَعَ إِلَى غَيْرِ ذَلِكَ مِنَ النَّحْوِ، فَلَمَّا تَفَرَّقْنَا أَرْسَلَ إِلَيَّ بَعْدَ ذَلِكَ أَبُو بَكْرٍ اللهِ اللهِ أَصْرِبُ عُنُقَهُ يَا أَبُا بَرْزَةَ مَا قُلْتَ؟ قَالَ: وَنَسِيتُ الَّذِي قُلْتُ، قُلْتُ، قُلْتُ: ذَكِرْنِيهِ، قَالَ: أَمَا الصَّدِيقُ، فَقَالَ: يَا أَبَا بَرْزَةَ مَا قُلْتَ؟ قَالَ: وَنَسِيتُ الَّذِي قُلْتُ، قُلْتُ، قُلْتُ عَلَى الرَّجُلِ فَقُلْتَ: اللهِ عَلَيْتُ عَضِبْتُ عَضِبْتُ عَضِبْتُ عَلَى الرَّجُلِ فَقُلْتَ: تَذَكُرُ مَا قُلْتَ؟ قَالَ: قُلْتُ عَلَى الرَّجُلِ فَقُلْتَ: وَلَكَ إِنْ أَمْرُتُنِي فَعَلْتُ عَلَى اللهِ؟ أَمَا تَذْكُرُ ذَاكَ؟ أَق كُنْتَ فَاعِلًا ذَاكَ؟ قَالَ: قُلْتُ نَعَمْ وَسَلَم وَاللهِ مَا هِيَ لِأَحَدٍ بَعْدَ وَلِكَ وَاللهِ مَا هِيَ لِأَحَدٍ بَعْدَ مَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ

إسناده قوي، رجاله ثقات رجال الشيخين غير عبد الله بن مطرِّف بن الشخير، فقد روى عنه جمع وخرَّج حديثه أبو داود والنسائي، ووثقه ابن حبان، وقد توبع فيما تقدم تخريجه برقم (54)

## বাংলা

৬১। আবু বারযা আসলামী (রাঃ) বলেন, আমরা আবু বাকর আস সিদ্দিকের (রাঃ) একটা কাজ উপলক্ষে তাঁর কাছে ছিলাম। তিনি মুসলিমদের এক ব্যক্তির ওপর রাগান্বিত হলেন। ঐ ব্যক্তির ওপর তার রাগ ভীষণ আকার ধারণ করলো। আমি তা দেখে বললামঃ হে রাসূলুল্লাহর খলীফা, আমি কি ঐ লোকটাকে হত্যা করবো? আমি হত্যা শব্দটা উচ্চারণ করা মাত্রই তিনি আলোচনার বিষয়টি পাল্টে ফেললেন এবং অন্য বিষয়ে যথা ব্যাকরণ সংক্রান্ত কোন বিষয়ে মনোনিবেশ করলেন। এরপর আমরা যখন পরস্পর থেকে বিচ্ছিন্ন হয়ে নিজ নিজ কাজে চলে



গেলাম, আবু বাকর আস সিদ্দিক (রাঃ) আমাকে ডেকে পাঠালেন। আমি তাঁর নিকট উপস্থিত হলে তিনি বললেনঃ ওহে আবু বার্যা, তুমি কি বলেছিলে?

আবু বারয়া বললোঃ "আমি কী বলেছিলাম ভুলে গেছি। আপনি মনে করিয়ে দিন।" তিনি বললেনঃ তুমি কী বলেছিলে, তা তোমার মনে নেই? আমি বললামঃ আল্লাহর কসম! মনে নেই। তিনি বললেনঃ তুমি যখন দেখলে, আমি লোকটির ওপর রেগে গেছি, তখন তুমি বললেঃ হে রাসূলুল্লাহর খলীফা, আমি কি লোকটাকে হত্যা করবো? এটা কি তোমার মনে পড়ে না? তুমি কি সত্যই হত্যা করতে চেয়েছিলে? আমি বললামঃ আল্লাহর কসম, হ্যাঁ। এখনও যদি আপনি হুকুম দেন, করবো। তিনি বললেনঃ ধিক তোমাকে। আল্লাহর কসম, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পর আর কারো এরূপ করার অধিকার নেই। (দেখুন, হাদীস নং ৫৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন